

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়, ঢাকা

অধিশাখা-৩ (শুল্ক)

www.ird.portal.gov.bd

নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০১৬.১০.

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নীরিক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর ঢাকা-এর ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে সরাসরি ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান।

সূত্রঃ নীরিক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এর পত্র নং-২(৭) নি:গো:ত:অ:/ইটি/নব নিয়োগ-৫৭৬/২৮৯২, তারিখ: ২৯-০১-২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন নীরিক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা-এর ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে সরাসরি ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত ছকের ০২ নং কলামে বর্ণিত পদের বিপরীতে ৩ নং কলামে বর্ণিত সংখ্যক পদ সংক্ষরণপূর্বক ৪ নং কলামে বর্ণিত সংখ্যক পদ পূরণের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো:

অফিসের নাম	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	সংরক্ষিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)
নীরিক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।	কম্পিউটার অপারেটর ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	--	০২ টি
	সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	--	০২ টি
	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)	--	০১ টি
	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	--	০৩ টি
	গাড়ী চালক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	--	০৩ টি
	ফটোকপি অপারেটর ৮,৮০০-২১,৩১০/- (গ্রেড-১৮)	--	০১ টি
	মোট-	--	১২ টি

০২। শর্তসমূহঃ

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি বিজ্ঞ আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে বিজ্ঞ আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধান মোতাবেক শূন্যপদ পূরণ করতে হবে;

- (খ) ছাড়পত্রের প্রস্তুতকরণের শূন্যপদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- (গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি গ্রেডের পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে এবং এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (ঘ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং সম(এসপি)-৫৮/৯৯-২১০(৫০), তারিখ: ১০-০৫-৯৯ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১(এক) বছর এবং উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুচ্ছেদ অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদপূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
- (ঙ) ছাড়কৃত পদগুলো পূরণ করার ক্ষেত্রে নিয়োগবিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে; এবং
- (চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য তথায় প্রেরণের লক্ষ্যে ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১০(দশ) দিনের মধ্যে নির্ধারিত ছকে তথ্য এই বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

স্বাঃ/—

(সুরাইয়া পারভীন শেলী)

উপসচিব

ফোন : ০২-৯৫৪৫৬৭০

কমিশনার

নীরিক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর,


মূল্য সংযোজন কর, ঢাকা।

নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০১৬.১০.১২১/১(৪)

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সুরাইয়া পারভীন শেলী)
উপসচিব